



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

# কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা।

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮ (ডিগ্রী শাখা); ৬৫২৪৫ (উচ্চ মাধ্যমিক শাখা);  
ফ্যাক্স : ৮৮-০৮১-৭১১৬১; ই-মেইল : [principal@cvgc.edu.bd](mailto:principal@cvgc.edu.bd), ওয়েবসাইট: [www.cvgc.edu.bd](http://www.cvgc.edu.bd)



স্মারক নংঃসিভিসি/২০১৯/উঃমা/ভর্তি/...X.....

তারিখঃ ০৮/০৫/২০১৯ খ্রি।

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণি বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/মানবিক শাখায় ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### ০১. আবেদনের যোগ্যতা ও শাখা নির্বাচন -

- ১.১ ২০১৭, ২০১৮ ও ২০১৯ সনে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালে এস.এস.সি ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী যাদেও ন্যূনতম জিপিএঃ বিজ্ঞান-৫.০০, ব্যবসায় শিক্ষা-৪.০০ এবং মানবিক-৩.০০।
- ১.২ বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা ২.১ এর অধীনে আবেদন করার যোগ্য বিবেচিত হবে।
- ১.৩ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে :  
ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি।  
খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি।  
গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।

- ০২। আসন সংখ্যা-  
ক)বিজ্ঞান -৪৫০টি (পদ্মা, মেঘনা ও যমুনা শাখায়)  
খ)ব্যবসায় শিক্ষা -৪৫০টি (পদ্মা, মেঘনা ও যমুনা শাখায়)  
গ)মানবিক -৩০০টি (পদ্মা ও মেঘনা শাখায়)

- ০৩। ভর্তির আবেদন করার নিয়মাবলী-  
ভর্তির জন্য অনলাইনে আবেদনের ঠিকানা [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd) এবং টেলিটক মোবাইল SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।

- ০৪। ভর্তির কোটা : কলেজের মোট আসনের ১০০% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে। মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। বিশেষ অগ্রাধিকার প্রাপ্ত কোন আবেদনকারী থাকলে তাহলে মোট আসনের অতিরিক্ত ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য, ৩% বিভাগীয় ও জেলা সদরের বাইরের শিক্ষার্থীদের জন্য, ২% শিক্ষা মন্ত্রণালয় এর অধঃস্তন দপ্তরসমূহ এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারি সন্তানদের জন্য, ০.৫% বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বি.কে.এস.পি) এর জন্য এবং ০.৫% প্রবাসীদের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রদত্ত সনদপত্র এবং সকল কোটার ক্ষেত্রে ভর্তির সময় উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।


- ০৫। ভর্তির জন্য আবেদনপত্র/ SMS গ্রহণের তারিখ : ১২/০৫/২০১৯ থেকে ২৩/০৫/২০১৯ পর্যন্ত। পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে যাদের ফল পরিবর্তন হবে তাদের ক্ষেত্রে ভর্তির আবেদন গ্রহণের শেষ তারিখ ০৩/০৬/২০১৯ থেকে ০৪/০৬/২০১৯।

- ০৬। ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশের তারিখ : কলেজের নোটিশ বোর্ড ও কলেজের ওয়েবসাইট [www.cvgc.edu.bd](http://www.cvgc.edu.bd) এ পাওয়া যাবে।

- ০৭। বিলম্ব ফি ছাড়া ভর্তি ও ফি জমার শেষ তারিখ : ২৭/০৬/১৯ থেকে ৩০/০৬/১৯।

- ০৮। ক্লাস শুরু : ০১/০৭/২০১৯।

- ০৯। ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

  
অধ্যক্ষ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ  
কুমিল্লা (৩৫৩)  
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ  
কুমিল্লা।